

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-৩  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)




নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০১.২০১৯.১৮৭

তারিখ: ১৮.১১.২০২০খ্রি:

বিষয়: প্রয়োজনীয় কাগজপত্রসহ শুনানীতে উপস্থিত থাকা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার সদর উপজেলার মুসলিম বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের সহকারী প্রধান শিক্ষক জনাব আনোয়ারা খাতুন এবং সহকারী শিক্ষক জনাব রাহাত জাহান হোসেন এর এম.পি.ও.ভুক্তি সংক্রান্তে দাখিলকৃত আবেদনের বিষয়টি নিয়ে আগামী ২৫.১১.২০২০ তারিখ বুধবার বেলা ১১.০০ টায় (ভবন নং-৬, কক্ষ নং-১৭০৭, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) শুনানী অনুষ্ঠিত হবে।

০২। উক্ত শুনানীতে যথাসময়ে তথ্যসহ (পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি, নিয়োগ পরীক্ষায় ডিজির প্রতিনিধি মনোনয়নের পত্র, নিয়োগ পরীক্ষা কমিটির তুলনামূলক বিবরণী, নিয়োগ অনুমোদনের কার্যবিবরণী, রেজুলেশন বই, যোগদানপত্র এবং সর্বশেষ বেতন বিলের কপিসহ বক্তব্যের সমর্থনে যাবতীয় কাগজপত্র) অংশগ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
১৮/১১/২০২০

(মো: কামরুল হাসান)

উপসচিব

ফোন : ৯৫৪০৫১৭

ই-মেইল: [ds.mpo@moe.gov.bd](mailto:ds.mpo@moe.gov.bd)

কার্যার্থে :

১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ময়মনসিংহ (যথা সময়ে উপস্থিত থাকার অনুরোধসহ)।
২. ভারপ্রাপ্ত অধ্যক্ষ, মুসলিম বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, সদর, ময়মনসিংহ (যথা সময়ে উপস্থিত থাকার অনুরোধসহ)।
৩. জনাব আনোয়ারা খাতুন, সহকারী প্রধান শিক্ষক, মুসলিম বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, সদর, ময়মনসিংহ (যথা সময়ে উপস্থিত থাকার অনুরোধসহ)।
৪. জনাব রাহাত জাহান হোসেন, সহকারী শিক্ষক, মুসলিম বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, সদর, ময়মনসিংহ (যথা সময়ে উপস্থিত থাকার অনুরোধসহ)।

অনুলিপি সদয় অবগতি/ কার্যার্থে :

১. উপসচিব (নিরাপত্তা-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বর্ণিত ০৪ জন শিক্ষক-কর্মকর্তাকে ধার্য তারিখে সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অফিস কপি।